



বাংলা

ADDAPEDIA

## Daily Current Affairs Encyclopedia

22 September 2023

West Bengal News

<p>ইনফ্রা পরিকাঠামো উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ বিশ্বব্যাংক থেকে <b>2,500</b> কোটি টাকা ঋণ গ্রহণ করবে।</p>	<p>প্রসঙ্গ</p> <p>পশ্চিমবঙ্গ সরকার বিশ্বব্যাংক থেকে <b>2,500</b> কোটি টাকা ঋণ নিতে চলেছে।</p> <p>গুরুত্বপূর্ণ দিক</p> <ul style="list-style-type: none"><li>● সমগ্র অর্থ রাজ্যে একটি পরিকাঠামো উন্নয়নের উদ্দেশ্যে ব্যবহার করা হবে।</li><li>● রাজ্যে সড়ক নেটওয়ার্ক এবং জল পরিবহন ব্যবস্থার উন্নতিতে মূলত ফোকাস করা হবে।</li><li>● এটি লজিস্টিক ক্ষেত্রে নিযুক্ত ব্যক্তিদের বিশেষ প্রশিক্ষণের জন্য ব্যবহার করা হবে।</li><li>● এর লক্ষ্য 930 কিলোমিটার এলাকা জুড়ে চারটি অর্থনৈতিক করিডোর স্থাপন করা। এর মধ্যে 630 কিলোমিটার দীর্ঘ করিডোর হবে উত্তরবঙ্গে এবং বাকি তিনটি দক্ষিণবঙ্গে।</li></ul>
<p>বিশ্ব ব্যাংক</p> <p>সদস্য:</p> <p>➤ এর 189 টি সদস্য দেশ রয়েছে।</p> <p>➤ ভারতও এর একটি সদস্য।</p> <p>মুখ্য রিপোর্টগুলি হল:</p> <p>➤ Ease of Doing Business (Stopped publishing).</p> <p>➤ Human Capital Index.</p> <p>➤ World Development Report.</p>	<p>বিশ্বব্যাংক সম্পর্কিত তথ্য:</p> <ul style="list-style-type: none"><li>● এটি 1944 সালে আইএমএফের সাথেই ইন্টারন্যাশনাল ব্যাংক ফর রিকনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্ট (<b>IBRD</b>) হিসেবে স্থাপন হয়।</li><li>● IBRD পরবর্তীতে বিশ্ব ব্যাংকে পরিবর্তিত হয়।</li><li>● বিশ্বব্যাংক গ্রুপ হল পাঁচটি প্রতিষ্ঠানের একটি অনন্য বিশ্বব্যাপী অংশীদারিত্ব যা সাস্টেনেবল সলিউশনের জন্য কাজ করে থাকে এবং দারিদ্র্যতা হ্রাস করতে সাহায্য করে এবং উন্নয়নশীল দেশগুলিতে ঋণ প্রদানের মাধ্যমে তাদের পরিকাঠামো উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।</li><li>● বিশ্বব্যাংক জাতিসংঘের বিশেষ সংস্থাগুলির মধ্যে একটি।</li></ul> <p>এর পাঁচটি উন্নয়ন প্রতিষ্ঠান হল:</p> <ol style="list-style-type: none"><li>1. International Bank for Reconstruction and Development (IBRD)</li><li>2. International Development Association (IDA)</li></ol>



বাংলা

ADDAPEDIA

## Daily Current Affairs Encyclopedia

	<p>3. International Finance Corporation (IFC).</p> <p>4. Multilateral Guarantee Agency (MIGA)</p> <p>5. International Centre for the Settlement of Investment Disputes (ICSID)</p> <p>দ্রষ্টব্য - ভারত <b>ICSID</b> এর সদস্য নয়।</p>
<p>বাংলার মুখ্যমন্ত্রী সংযুক্ত আরব আমিরশাহীতে পৌঁছেছেন এবং দুবাই বন্দরের অফিসারদের <b>BGBS</b> এ আমন্ত্রণ জানিয়েছেন</p>	<p>প্রসঙ্গ</p> <p>বাংলার মুখ্যমন্ত্রী দুবাই পৌঁছেছেন যেখানে তিনি একটি ব্যবসায়িক শীর্ষ সম্মেলন সহ একাধিক বৈঠকে যোগদান করবেন।</p> <p>গুরুত্বপূর্ণ দিক</p> <ul style="list-style-type: none"><li>● আলোচনাগুলি হয় পশ্চিমবঙ্গে বন্দর এবং লজিস্টিক উন্নয়নের সম্ভাবনার উপর ভিত্তি করে।</li><li>● শিল্প পার্ক স্থাপন এবং সাধারণ প্রক্রিয়াকরণ সুবিধা নিয়েও এই বৈঠকে আলোচনা করা হয়।</li></ul>
<p>প্রশাসনিক কাজে পশ্চিমবঙ্গ শুধুমাত্র বৈদ্যুতিক গাড়ি ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছে</p>	<p>প্রসঙ্গ</p> <p>পশ্চিমবঙ্গ সরকার সকল প্রশাসনিক কাজে শুধুমাত্র বৈদ্যুতিক গাড়ি ব্যবহার করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।</p> <p>গুরুত্বপূর্ণ পয়েন্ট</p> <ul style="list-style-type: none"><li>● অটোমোবাইল জ্বালানী নির্গমনের কারণে রাজ্যে ক্রমবর্ধমান দূষণের মাত্রা নিয়ন্ত্রণ করার একটি পন্থা হিসেবে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</li><li>● রাজ্য পরিবহন দফতরের জারি করা একটি বিজ্ঞপ্তি অনুযায়ী প্রশাসনের দ্বারা ভাড়া নেওয়া যানবাহন গুলিও এখন থেকে কেবলমাত্র বৈদ্যুতিক যানবাহনই হবে।</li><li>● বিজ্ঞপ্তি অনুযায়ী জরুরী পরিস্থিতিতে প্রশাসন পেট্রোল চালিত বা ডিজেল চালিত যানবাহনও ভাড়া নিতে পারবে। তবে এর জন্য রাজ্যের অর্থ দফতরের পূর্বানুমতি প্রয়োজন হবে বলে জানা যাচ্ছে।</li></ul>



বাংলা

ADDAPEDIA

## Daily Current Affairs Encyclopedia

<p>কিরীটেশ্বরী গ্রাম ভারতের সেরা পর্যটন গ্রামের পুরস্কারে ভূষিত হয়েছে</p>	<p>প্রসঙ্গ</p> <p>বাংলার মুর্শিদাবাদ জেলার কিরীটেশ্বরী গ্রাম ভারতের সেরা পর্যটন গ্রামের পুরস্কারে ভূষিত হয়েছে।</p> <p>গুরুত্বপূর্ণ পয়েন্ট</p> <ul style="list-style-type: none"><li>● সেরা পর্যটন গ্রাম প্রতিযোগিতা 2023 এর 31 টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল থেকে প্রাপ্ত 795 টি আবেদনের মধ্যে থেকে এই নির্বাচনটি হয়েছে।</li><li>● প্রাকৃতিক সৌন্দর্য ছাড়াও, গ্রামের বড় আকর্ষণ হল কিরীটেশ্বরী মন্দির, যা 51 টি শক্তিপীঠের মধ্যে একটি হিসেবে বিবেচিত হয়।</li></ul>
<p>দুবাইয়ে লুলু গ্রুপের আধিকারিকদের সঙ্গে দেখা করবেন বাংলার মুখ্যমন্ত্রী</p>	<p>প্রসঙ্গ</p> <p>পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এমিরাত ভিত্তিক বহুজাতিক সংস্থা লুলু গ্রুপের সিনিয়র অফিসারদের সঙ্গে একটি বৈঠক করবেন।</p> <p>গুরুত্বপূর্ণ পয়েন্ট -</p> <ul style="list-style-type: none"><li>● লুলু গ্রুপ হাইপারমার্কেট এবং খুচরা কোম্পানিগুলির একটি চেইনকে পরিচালনা করে।</li><li>● এটির সদর দপ্তর সংযুক্ত আরব আমিরশাহীর আবুধাবিতে।</li><li>● এটি পশ্চিমবঙ্গের খুচরা ব্যবসা এবং বিল্ডিং ইনফ্রাস্ট্রাকচার ইউনিটগুলিতে বিনিয়োগ করবে।</li></ul>

Copyright © by Adda247

All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without prior permission of Adda247.